

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৯৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. তৃতীয় অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

আরবী

وَعَن مُعاذٍ قَالَ: كَانَ آخِرُ مَا وصَّاني بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ وَضَعْتُ رِجْلِي فِي الْغَرْزِ أَنْ قَالَ: «يَا مُعَاذُ أحسُنْ خُلُقكَ للنَّاس» . رَوَاهُ مَالك

বাংলা

৫০৯৫-[২৮] মু'আয (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি যখন রিকাবে পা রাখলাম, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাকে শেষ উপদেশ দিলেন, হে মু'আয! মানুষের তালিম ও তরবিয়তের জন্য নিজের চরিত্রকে ভালো করো। (মালিক)[1]

ফুটনোট

[1] য'ঈফ : মুওয়াত্ত্বা মালিক ৩৩৫০, য'ঈফ আত তারহীব ১৬০৩, শু'আবুল ঈমান ৮০২৯।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, হিদায়াতুর্ রুওয়াতে আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ মুওয়াত্ত্বা মালিকের সানাদ ছাড়া চারটি হাদীস বর্ণিত হয়েছে। আর এ ব্যাপারে 'উলামাগণ বলেছেন, কোন কিতাবে তার সানাদ পাওয়া যায় না। হিদায়াতুর্ রুওয়াত ৪/৪৬৯ পৃঃ। তবে আলবানী য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৬০৩ নম্বরে য'ঈফ হিসেবে হাদীসটি উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন